উপজেলা পরিষদ
ঝিনাইগাতী, শেরপুর।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

## ডিসেম্বর-২০২৩ মাসে অনুষ্ঠিত ঝিনাইগাতী উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৫৬ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মোবাজ্জল হোসেন চৌধুরী, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিনাইগাতী, শেরপুর।

সভার তারিখ ও সময় : ২১ ডিসেম্বর ২০২৩, দুপুর-১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

০১। আলোচনার বিষয় ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কার্যপত্র অনুসারে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর উপজেলার বিভিন্ন দপ্তর/বিভাগ ভিত্তিক এবং জনপ্রতিনিধিবৃন্দের নিজ নিজ এলাকার সমস্যা, সম্ভাবনা ও অন্যান্য কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি আলোচনা করার জন্য সংশ্লিষ্টদের আহবান জানানো হয়। অতঃপর আলোচ্য বিষয় অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২। আলোচনার বিষয় ঃ বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, হাসপাতালের দাপ্তরিক কার্যক্রম ও বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০২। উপজেলা কৃষি অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে পূনর্বাসন কর্মসূচীর আওতায় শীতকালের বিভিন্ন জাতের সবজির বীজ বিনামূল্যে বিতরণ করা হবে। এক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করেন। বোরো ধানের আবাদ শুরু হবে শীঘ্রই। সারের যেন সংকট তৈরী না হয় এবং ঝিনাইগাতী উপজেলার জন্য বরাদ্দকৃত সার যেন অন্য উপজেলায় পাচার না হয় সেজন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া কৃষি বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | অন্য উপজেলায় যাতে সার পাচার না হয়, সেদিকে লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার অনুরোধ জানানো হয়। উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) ও সংশ্লিষ্ট সকল, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, নভেম্বর/২৩ মাসে গাভীর কৃত্রিম প্রজননের সংখ্যা ৪০০টি এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে রাজস্ব আদায় ৪০০x৭৫=৩০,০০০/- টাকা । গবাদী পশুর টিকা প্রদান- ৩৫১৬টি ও হাঁস মুরগীর টিকা প্রদান-৬০,০০০টি। রাজস্ব আদায় ৩৩,৯৭৫/- টাকা। বিনামূল্যে গবাদী পশুর চিকিৎসা ও পরামর্শ প্রদান-১৫৩৩টি। বিনামূল্যে হাঁস মুরগীর চিকিৎসা ও পরামর্শ প্রদান ১৩২০০টি। এছাড়া উপজেলা প্রাণিসম্পদ বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১। পশু পাখির খাদ্যমান নিয়ন্ত্রণে নিয়মিত বাজার মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৪। উপজেলা মৎস্য অফিসার (অতি:দাঃ), ঝিনাইগাতী,শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প: প: কর্মকর্তা ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা প্রকৌশল বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। বর্তমানে বিভিন্ন প্রকল্পের কাজ মনিটরিং করা হচ্ছে। | ০১। কাজের গুণগত মান নিশ্চিত করার জন্য নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতের গৃহীত প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.০৭। উপজেলা শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা শিক্ষা অফিসের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। আগামী ০১ জানুয়ারি ২০২৪ তারিখ বই উৎসব হবে। এজন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ঝিনাইগাতী, শেরপুর। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ০১ জানুয়ারি ২০২৪ তারিখ বই উৎসব হবে। এজন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইগাতী। |
| ২.০৯। উপজেলা সমাজসেবা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা সমাজসেবা অফিসের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার,<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১০। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থবছরের বরাদ্দকৃত সাবমার্সিবল পাম্প স্থাপনের জন্য স্থানের তালিকা পাওয়া গেছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অতি:), ঝিনাইগাতী, শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের বিষয়ে কোনো আলোচনা হলো না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিনাইগাতী। |
| ২.১২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, খেলাপি ঋণ আদায়ে ক্র্যাশ প্রোগ্রাম অব্যাহত আছে। তিনি খেলাপিমুক্ত করনে স্থানীয় জনপ্রতিনিধিসহ উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১৩। উপজেলা সমবায় অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, আশ্রয়ন-২ প্রকল্পের সুবিধাভোগী ব্যক্তিদের নিবন্ধন প্রক্রিয়া চলমান। সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১৪। উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী। |
| ২.১৫। রেঞ্জ অফিসার, রাংটিয়া রেঞ্জ, ঝিনাইগাতী, শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | রেঞ্জ অফিসার<br>রাংটিয়া রেঞ্জ<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের সকল দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১৭। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঝিনাইগাতী ,শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১৮। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা তথ্যকেন্দ্রের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১৯। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, USAID কর্তৃক বাংলা বিষয়ক প্রশিক্ষণ ৪টি ব্যাচ ইতিমধ্যে শেষ হয়েছে। ৫ম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা রিসোর্স সেন্টার এর সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর<br>উপজেলা রিসোর্স সেন্টার<br>ঝিনাইগাতী, শেরপুর। |

০৩। আলোচনার বিষয় ঃ বিভিন্ন সদস্যদের বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.০১। চেয়ারম্যান, কাংশা ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, ১নং কাংশা ইউনিয়নের দুপুরিয়া হতে বিলাসপুর রাস্তা মেরামতের কাজ শুরু করা হয়েছে। উক্ত কাজের গুনগত মান ঠিক রাখার জন্য নিবিড় মনিটরিং এর বিষয়ে সভায় আলোচনা করেন। এছাড়া ১নং কাংশা ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের গুনগত মান সঠিক রাখার জন্য উপজেলা প্রকৌশলী, ঝিনাইগাতীকে মনিটরিং জোরদার করতে হবে। তাছাড়া তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | উপজেলা প্রকৌশলী<br>ও<br>চেয়ারম্যান<br>কাংশা ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০২। চেয়ারম্যান, ধানশাইল ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী শেরপুর সভায় জানান, ধানশাইল থেকে ভটপুর রাস্তায় চাঁপাতলী ব্রীজের কাজ প্রায় ১মাস থেকে বন্ধ রয়েছে এবং উক্ত ব্রীজ সংলগ্ন Diversion টি ফেটে যাওয়ায় দক্ষিণ কান্দুলী ও কান্দুলী আশ্রয়ণ প্রকল্পে যাওয়া রাস্তা দিয়ে সাধারণ জনগণের চলাচলের খুবই সমস্যার সৃষ্টি হচ্ছে।<br>এছাড়া ধানশাইল ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনা কলামে উল্লিখিত ব্রীজটির কাজ দ্রুত সমাপ্ত করনের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী, ঝিনাইগাত, শেরপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>ও চেয়ারম্যান<br>ধানশাইল ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.০৩। চেয়ারম্যান, নলকুড়া ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, (ক) গজারীপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ডেফলাই সরকারী প্রাথমিক বিদ্যালয়ে যাতায়াতের রাস্তাটি বর্ষা মৌসুমে চলাচলের অযোগ্য হয়ে যাওয়ায় শিক্ষক ও ছাত্র ছাত্রীদের স্কুলে যাতায়াতের খুবই সমস্যা হয়ে। নলকুড়া ইউনিয়নের সকল শিক্ষা প্রতিষ্ঠানের যাতায়াতের রাস্তাগুলো মেরামত/পাঁকা করনের প্রস্তাব করেন।<br>(খ) নলকুড়া ইউনিয়ন পরিষদের বাউন্ডারী ওয়াল নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন।<br>গ) শালচুড়া গ্রামের ব্রীজ সংলগ্ন গুচ্ছগ্রামে যাতায়াতের রাস্তাটি অতিবৃষ্টিতে পাহাড়ি ঢলে ভেঙে যাওয়ায় মেরামত করে ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা খরচ করে ভাউচারসহ বিল দাখিল করেন।<br>এছাড়া ৩নং নলকুড়া ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (ক) সমস্যাগুলো সমাধানের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী, ঝিনাইগাতী কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) আলোচনা কলামে বর্ণিত প্রস্তাবটির বিষয়ে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়।<br>(গ) আলোচনা কলামে বর্ণিত বিষয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, নলকুড়া ইউ.পি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৪। চেয়ারম্যান, গৌরিপুর ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, গৌরীপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডে বনগাঁও জিগাতলা কফিল মেম্বারের বাড়ীর পশ্চিমপার্শ্বে মাটির রাস্তায় ইউড্রেন নির্মাণের প্রস্তাব করেন। এছাড়া ৪নং গৌরীপুর ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ইউড্রেন নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান গৌরীপুর ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৫। চেয়ারম্যান, ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, ৫নং ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান ঝিনাইগাতী ইউ.পি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৬। চেয়ারম্যান, হাতিবান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী শেরপুর সভায় জানান, ৬নং হাতীবান্দা ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান হাতিবান্দা ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৭। চেয়ারম্যান, মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, ৭নং মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান মালিঝিকান্দা ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৮। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা ২ (দুই) মাস পর পর আহবান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। | আলোচনা কলামে বর্ণিত উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা ২ (দুই) মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ও সদস্য সচিব সংশ্লিষ্ট কর্মকর্তা ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৯। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর জানান,<br>ক) আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র, ঝিনাইগাতী, শেরপুর কর্তৃক উপজেলা পরিষদের পানির পাম্পের মিটার নং- ৫০৭৩৭৬১২ এর জানুয়ারি/২০২২ থেকে নভেম্বর/২০২৩ পর্যন্ত বকেয়া = ১,৮৭,০৮২/- (একলক্ষ সাতাশি হাজার বিরাশি) টাকার এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনের মিটার নং- ১০২৭২৫ এর এপ্রিল/২২ থেকে নভেম্বর/২৩ পর্যন্ত বকেয়া = ৬,৮৩৬/-(ছয় হাজার আটশত ছত্রিশ) টাকার বকেয়া বিল দাখিল করেছেন। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উক্ত বিল পরিশোধের প্রস্তাব করেন।<br>খ) বিগত মাসের উপজেলা পরিষদ সভায় সর্বমোট ১১টি সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে ৯টি সিদ্ধান্ত ইতোমধ্যেই বাস্তবায়ন হয়েছে মর্মে সংশ্লিষ্ট দপ্তর প্রধান সভায় অবহিত করেন। সিদ্ধান্ত বাস্তবায়নের শতকরা হার ৮১.৮১%। গৃহীত সিদ্ধান্ত সমূহের শতভাগ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভায় অবিহিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়া তিনি ধারাবাহিকভাবে পরবর্তী সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অব্যাহত রাখার অনুরোধ জানান। | ক) ঝিনাইগাতী উপজেলা পরিষদের পানির পাম্প ও উপজেলা চেয়ারম্যান এর বাসভবনের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ সর্বমোট (১,৮৭,০৮২+৬,৯৩৬)= ১,৯৪,০১৮/- (একলক্ষ চুরানব্বই হাজার আঠার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহীত হয়।<br><br>খ) ৮১.৮১% সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। পরবর্তীতে সকল সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার,<br>০২। সকল কর্মকর্তা<br>০৩। সকল ইউপি চেয়ারম্যান, ঝিনাইগাতী। |
| ৩.১০। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, বিগত সময়ে অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে ঝিনাইগাতী উপজেলার অনেক রাস্তা, বক্স কালভার্ট ও ব্রীজ ভেঙ্গে গেছে। উক্ত রাস্তা, বক্স কালভার্ট ও ব্রীজগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করা হয়। উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা ২(দুই) মাস পর পর আহবান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। | আলোচনা কলামে বর্ণিত সমস্যাগুলো সমাধানের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী, ঝিনাইগাতী কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা ২ (দুই) মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ও সদস্য সচিব সংশ্লিষ্ট কর্মকর্তা ঝিনাইগাতী, শেরপুর। |

পরিশেষে উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরের সকল কর্মকর্তাদের উপজেলা পরিষদ আইন, ২০০৯ এবং উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ অনুযায়ী (Charter of Duties) যথাযথভাবে পালন এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রতিটি দপ্তরের প্রজ্ঞাপন, পরিপত্র ও নির্দেশিকা অনুযায়ী যাবতীয় কমিটির সভা ও কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/১২/২০২৫

(মো: মোফাজ্জল হোসেন চৌধুরী)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ঝিনাইগাতী, শেরপুর।

স্মারক নং-০৫.৩০.৮৯৩৭.০০২.০৫.০০২.২০১৪-২৭/১(২)/১(৩৫) তারিখ ঃ ২১-১২-২০২৫ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, ১৪৫, শেরপুর-৩।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৪। জেলা প্রশাসক, শেরপুর।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর।
০৬। উপজেলা ....................................অফিসার, ঝিনাইগাতী, শেরপুর।
০৭। চেয়ারম্যান,...................................ইউনিয়ন ও সদস্য, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।
০৮। অফিস কপি।

২১/১২/২৫

(মো: আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ঝিনাইগাতী, শেরপুর
ফোন : ০২৯৯-৭৭৮৩৪০১
E-mail : unojhenaigati@mopa.gov.bd

## উপজেলা পরিষদ
## ঝিনাইগাতী, শেরপুর।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

**জানুয়ারি-২০২৪ মাসে অনুষ্ঠিত ঝিনাইগাতী উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৫৭ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ **মোঃ মোফাজ্জল হোসেন চৌধুরী,** চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিনাইগাতী, শেরপুর।

সভার তারিখ ও সময় ঃ ১৮ জানুয়ারি ২০২৪, দুপুর-১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

**০১। আলোচনার বিষয় ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

নবনির্বাচিত মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৫, শেরপুর-৩ মহোদয় ও উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কার্যপত্র অনুসারে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর উপজেলার বিভিন্ন দপ্তর/বিভাগ ভিত্তিক এবং জনপ্রতিনিধিবৃন্দের নিজ নিজ এলাকার সমস্যা, সম্ভাবনা ও অন্যান্য কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি আলোচনা করার জন্য সংশ্লিষ্টদের আহবান জানানো হয়। অতঃপর আলোচ্য বিষয় অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**০২। আলোচনার বিষয় ঃ বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত।**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.০১। **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, ঝিনাইগাতী হাসপাতালে পূর্ণ মেয়াদে স্থায়ী অবেদনবিদের (Anesthesiologist) পদ শূন্য থাকায় ওটি কার্যক্রম বন্ধ আছে। তিনি Anesthesiologist এর শূন্যপদে দ্রুত পদায়নের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। এছাড়া হাসপাতালের দাপ্তরিক কার্যক্রম ও বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঝিনাইগাতী হাসপাতালে একজন অবেদনবিদ (Anesthesiologist) স্থায়ীভাবে পদায়নের ব্যাপারে স্বাস্থ্য মন্ত্রণালয়ে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০২। **উপজেলা কৃষি অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, কৃষি বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প এবং বৃহত্তর অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় উপজেলা কৃষি অফিস থেকে ২৬৪ শতাংশ জমিতে ৮ টি রঙিন ফুলকপির প্রদর্শনী স্থাপন করা হয়েছে। এই জাতের ফুলকপিতে বেশি পরিমাণে পুষ্টি উপাদান থাকায় খাদ্য নিরাপত্তার পাশাপাশি পুষ্টি নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই জাতের ফুলকপির চাষ সম্প্রসারণ করা গেলে নতুন নতুন কৃষি উদ্যোক্তা তৈরি হবে যা আমাদের খরপোশের কৃষিকে বাণিজ্যিক কৃষিতে রুপান্তরের নতুন সম্ভাবনা তৈরি করবে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া রঙ্গিন ফুলকপি চাষের প্রতি কৃষকদের আগ্রহ বাড়ানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৩। **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, উপজেলা প্রাণিসম্পদ বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া বিভিন্ন স্থানে পশু পাখির মলমূত্র এবং উদ্বৃত্ত খাদ্য দ্বারা জলাশয় দূষনের অভিযোগ প্রসঙ্গে তিনি জানান, মনিটরিং অব্যহত আছে। | ১। পশু পাখির খাদ্যমান নিয়ন্ত্রণে নিয়মিত বাজার মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৪। **উপজেলা মৎস্য অফিসার, ঝিনাইগাতী,শেরপুর** সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৫। **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা<br>ঝিনাইগাতী, শেরপুর। |

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>২.০৬। <u>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ঝিনাইগাতী, শেরপুর</u> সভায় জানান, ০১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৬ষ্ঠ পর্যায়) এর আওতায় শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলাধীন ২০২১-২২ অর্থ বছরের নিম্নবর্ণিত প্রকল্প সমূহ।<br>ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অপারেশন থিয়াটারের জন্য (ওটি) মেডিকেল ইকুইপমেন্টসহ বিভিন্ন যন্ত্রপাতি সরবরাহকরণ প্রকল্পের প্রস্তাবিত বাজেট ভ্যাট ও আয়করসহ ১৫,৬৮,৭৫০/- (পনের লক্ষ আটষট্টি হাজার সাতশত পঞ্চাশ) টাকার কাজ সমাপ্ত হয়েছে।<br>খ) ঝিনাইগাতী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু নিচু বেঞ্চ সরবরাহ প্রকল্পের প্রস্তাবিত বাজেট ভ্যাট ও আয়করসহ ১৯,৪৬,৩০৩/- (উনিশ লক্ষ ছেচল্লিশ হাজার তিনশত তিন) টাকার কাজ সমাপ্ত হয়েছে।<br>গ) ঝিনাইগাতী উপজেলার বিভিন্ন হাট-বাজার ও জনগুরুত্বপূর্ণ স্থানে সোলার স্ট্রিট লাইট স্থাপন প্রকল্পের প্রস্তাবিত বাজেট ভ্যাট ও আয়করসহ ২২,৩৪,৬৩৬/-(বাইশ লক্ষ চৌত্রিশ হাজার ছয়শত ছত্রিশ) টাকার কাজ সমাপ্ত হয়েছে। উল্লিখিত ০৩(তিন) টি প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ায় চুড়ান্ত বিল ছাড় করণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য সভায় আলোচনা করেন।<br>০২। ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিলের অর্থায়নে গৃহীত ও অনুমোদিত প্রকল্পসমূহের মধ্যে পিআইসি প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়ন করে বিল দাখিলের জন্য উপস্থিত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>০৩। টেন্ডারে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ বিধি মোতাবেক দ্রুত বাস্তবায়ন করা হবে মর্মে সভাকে অবহিত করেন। বর্তমানে বিভিন্ন প্রকল্পের কাজ মনিটরিং করা হচ্ছে। এছাড়া উপজেলা প্রকৌশল বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>০১। আলোচনা কলামে বর্ণিত ০৩ (তিন) টি প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ায় চূড়ান্ত বিলের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, ঢাকায় প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতের গৃহীত প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br><br>০৩। প্রকল্পের কাজের গুণগত মান নিশ্চিত করার জন্য নিয়মিত মনিটরিং করতে হবে।<br><br>এছাড়া উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী<br>ঝিনাইগাতী,শেরপুর</td></tr>
<tr><td>২.০৭। <u>উপজেলা শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর</u> সভায় জানান, উপজেলা শিক্ষা অফিসের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা অফিসার ঝিনাইগাতী, শেরপুর।</td></tr>
<tr><td>২.০৮। <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর</u> সভায় জানান, গত ১৭/১২/২০২৩ ইং হতে ২৭/১২/২০২৩ ইং এর মধ্যে ছুটির দিন ব্যতীত ঝিনাইগাতী সরকারী মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ে ০৭ দিন ব্যাপী ৮ম ও ৯ম শ্রেণীর নতুন শিক্ষা কারিকুলামের ১০টি বিষয়ের উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে ৩০ জন প্রশিক্ষকের মাধ্যমে মোট ৪৪৩ জন প্রশিক্ষণার্থীকে নতুন শিক্ষা কারিকুলামের উপর প্রশিক্ষণ করানো হয়। এছাড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইগাতী।</td></tr>
<tr><td>২.০৯। <u>উপজেলা সমাজসেবা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর</u> সভায় জানান, উপজেলা সমাজসেবা অফিসের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার,<br>ঝিনাইগাতী, শেরপুর।</td></tr>
<tr><td>২.১০। <u>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইগাতী, শেরপুর</u> সভায় জানান, তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইগাতী,</td></tr>
<tr><td>২.১১। <u>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অতিঃ), ঝিনাইগাতী, শেরপুর</u> সভায় জানান, ১। মহিলা বিষয়ক কার্যালয়ের Vulnerable Women Benefit (VWB) দুস্থ মহিলা উন্নয়ন এর বরাদ্দ না থাকায় জানুয়ারি/২৪ মাসের ডিও জারি করা হয়নি। বরাদ্দ পাওয়া মাত্র চাল বিতরণ আদেশ জারি করা হবে।<br>২। মা ও শিশু সহায়তা কর্মসূচী প্রতি ইউনিয়ন থেকে ৬টি করে কার্ড বরাদ্দ রয়েছে। প্রতি মাসের ২০ তারিখের মধ্যে ইউনিয়ন থেকে আবেদনের কাজ সম্পন্ন করে উপজেলায় প্রেরণের নির্দেশনা রয়েছে। সকল ইউনিয়নের সম্মানীত চেয়ারম্যানগণ প্রতি মাসের ১৫ থেকে ২০ তারিখের মধ্যে আবেদন সম্পন্ন করে উপজেলা কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান।<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় এবং তথ্য আপা প্রকল্পের কার্যালয়ে মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের বৈদ্যুতিক মিটার দ্বারা বিদ্যুৎ সরবরাহ হচ্ছে। মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে বরাদ্দের তুলনায় বিল অত্যধিক হওয়ায় অদ্যাবধি সম্পূর্ণ বিল পরিশোধ করা সম্ভব হচ্ছেনা। ফলে অনেক বকেয়া বিল জমা হয়েছে। তথ্যআপা দপ্তর থেকে কোন বিল পরিশোধ করা হয়নি। তিনি মিটার আলাদা করাসহ এ সমস্যা সমাধানের আবেদন জানান।</td><td>১। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আবেদন প্রতি মাসের ১৫ থেকে ২০ তারিখের মধ্যে উপজেলা কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বিদ্যুৎ বিলের সমস্যা বিস্তারিত অনুসন্ধানপূর্বক সুপারিশসহ মতামত প্রদানের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<table><tr><td>০১</td><td>উপজেলা প্রকৌশলী ঝিনাইগাতী</td><td>আহবায়ক</td></tr><tr><td>০২</td><td>আবাসিক প্রকৌশলী বিদ্যুৎ সরবরাহ</td><td>সদস্য</td></tr><tr><td>০৩</td><td>এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিনাইগাতী</td><td>সদস্য</td></tr><tr><td>০৪</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ঝিনাইগাতী</td><td>সদস্য</td></tr><tr><td>০৫</td><td>তথ্য সেবা কর্মকর্তা ঝিনাইগাতী</td><td>সদস্য</td></tr></table></td><td>উপজেলা নির্বাহী অফিসার<br>চেয়ারম্যান<br>ইউনিয়ন পরিষদ (সকল)<br>ও<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিনাইগাতী।</td></tr>
</table>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **২.১২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, খেলাপি ঋণ আদায়ে ক্র্যাশ প্রোগ্রাম অব্যাহত আছে। তিনি খেলাপি ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধিতে সকল জনপ্রতিনিধিসহ উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
| **২.১৩। উপজেলা সমবায় অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান,সমবায় অধিদপ্তরের আওতাধীন উপজেলা সমবায় কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার ঝিনাইগাতী, শেরপুর। |
| **২.১৪। উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলা ছাড়া সকল উপজেলায় ন্যাশনাল সার্ভিস প্রকল্প বাস্তবায়ন হয়েছে। তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্যের মাধ্যমে ঝিনাইগাতী উপজেলা ন্যাশনাল সার্ভিস প্রকল্প বরাদ্দের প্রস্তাব করেন। উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী। |
| **২.১৫। রেঞ্জ অফিসার, রাংটিয়া রেঞ্জ, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, রাংটিয়া রেঞ্জের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ অফিসার রাংটিয়া রেঞ্জ ঝিনাইগাতী, শেরপুর। |
| **২.১৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের সকল দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| **২.১৭। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঝিনাইগাতী ,শেরপুর** সভায় জানান, ঝিনাইগাতী পল্লী সঞ্চয় ব্যাংকের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক ঝিনাইগাতী, শেরপুর। |
| **২.১৮। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, উপজেলা তথ্যকেন্দ্রের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ঝিনাইগাতী, শেরপুর। |
| **২.১৯। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার ঝিনাইগাতী, শেরপুর। |

০৩। আলোচনার বিষয় ঃ বিভিন্ন সদস্যদের বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **৩.০১। চেয়ারম্যান, কাংশা ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, কাংশা ইউনিয়নের অনেক খাল ভরাট হয়ে হয়ে যাওয়ায় পানি নিস্কাশন বন্ধ হয়ে গেছে। এতে করে সাধারণ কৃষকদের ফসল ডুবে গিয়ে অনেক ক্ষতি সাধিত হয়। উক্ত খালগুলো খননের জন্য প্রস্তাব করেন। কাংশা ইউনিয়নের দুপুরিয়া হতে বিলাসপুর রাস্তা মেরামতের কাজ শুরু করা হয়েছে। উক্ত কাজের গুনগত মান ঠিক রাখার জন্য নিবিড় মনিটরিং এর বিষয়ে সভায় আলোচনা করেন। এছাড়া ১নং কাংশা ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | খাল খননের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। কাজের গুনগত মান সঠিক রাখার জন্য উপজেলা প্রকৌশলী, ঝিনাইগাতীকে মনিটরিং জোরদার করতে হবে। তাছাড়া তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, কাংশা ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| **৩.০২। চেয়ারম্যান, ধানশাইল ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী শেরপুর** সভায় জানান, ধানশাইল থেকে ভটপুর রাস্তায় চাঁপাতলী ব্রীজের কাজ প্রায় দুই মাস যাবত বন্ধ রয়েছে এবং উক্ত ব্রীজ সংলগ্ন Diversion টিতে গর্ত হয়ে যাওয়ায় ছাত্র ছাত্রীসহ সাধারণ জনগণের চলাচলের খুবই সমস্যার সৃষ্টি হচ্ছে। তিনি আরো জানান ধানশাইল ইউনিয়নের অনেক পুরনো খাল ভরাট হয়ে হয়ে যাওয়ায় পানি নিস্কাশন বন্ধ হয়ে গেছে। এতে করে সাধারণ কৃষকদের ফসল ডুবে গিয়ে অনেক ক্ষতি সাধিত হয়। উক্ত খালগুলো খননের জন্য প্রস্তাব করেন। এছাড়া ধানশাইল ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনা কলামে উল্লিখিত ব্রীজটির কাজ দ্রুত সমাপ্ত করনের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী, ঝিনাইগাত, শেরপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। খাল খননের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান ধানশাইল ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| **৩.০৩। চেয়ারম্যান, নলকুড়া ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, (ক) নলকুড়া ইউনিয়নের সকল শিক্ষা প্রতিষ্ঠানের যাতায়াতের কাঁচা রাস্তাগুলো মেরামত/পাকা করনের প্রস্তাব করেন। (খ) নলকুড়া ইউনিয়ন পরিষদের বাউন্ডারী ওয়াল নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। (গ) তিনি আরো জানান নলকুড়া ইউনিয়নের অনেক পুরনো খাল ভরাট হয়ে হয়ে যাওয়ায় পানি নিস্কাশন বন্ধ হয়ে গেছে। এতে করে সাধারণ কৃষকদের ফসল ডুবে গিয়ে অনেক ক্ষতি সাধিত হয়। উক্ত খালগুলো খননের জন্য প্রস্তাব করেন। এছাড়া ৩নং নলকুড়া ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (ক) বিদ্যালয়ে যাতায়াতের রাস্তার সমস্যা সমাধানের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী, ঝিনাইগাতী কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) আলোচনা কলামে বর্ণিত প্রস্তাবটির বিষয়ে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) খাল খননের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, নলকুড়া ইউ.পি ঝিনাইগাতী, শেরপুর। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **৩.০৪। চেয়ারম্যান, গৌরিপুর ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, ঝিনাইগাতী মহারশি নদীর পাড় ভাঙ্গা থাকায় বর্ষা মৌসুমে পাহাড়ী ঢলে গৌরীপুর ও ঝিনাইগাতী ইউনিয়নের কৃষকদের ফসলি জমির অনেক ক্ষতিসাধিত হয়। তিনি দ্রুত মহারশি নদীর বাঁধ নির্মাণের প্রস্তাব করেন। এছাড়াও গৌরীপুর ইউনিয়নের অনেক পুরনো খাল ভরাট হয়ে গেছে। উক্ত খালগুলো খননের জন্য প্রস্তাব করেন। দুধনই সরকারী প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার রাস্তা না থাকায় শিক্ষক ও ছাত্র ছাত্রীদের চলাচলের খুবই সদস্যার সৃষ্টি হচ্ছে। তিনি উক্ত বিদ্যালয়ে যাতায়াতের রাস্তার ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। এছাড়া ৪নং গৌরীপুর ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মহারশি নদীর বাঁধ ও খাল খননের বিষয়ে পানি উন্নয়ন বোর্ড ও বিএডিসির উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। বিদ্যালয়ে রাস্তার বিষয়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>ও চেয়ারম্যান<br>গৌরীপুর ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| **৩.০৫। চেয়ারম্যান, ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, ঝিনাইগাতী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে অনেক পুরনো খাল ভরাট হয়ে হয়ে যাওয়ায় পানি নিস্কাশন বন্ধ হয়ে গেছে। এতে করে সাধারণ কৃষকদের ফসল ডুবে গিয়ে অনেক ক্ষতি সাধিত হয়। উক্ত খালগুলো খননের জন্য প্রস্তাব করেন। জড়াকুড়া মাঠ হতে বাঘরেপাড়া রাস্তায় মালিঝি নদীর উপর ব্রীজ নির্মাণের প্রস্তাব করেন। এছাড়া ৫নং ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | খাল খননের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। মালিঝি নদীর উপর ব্রীজ নির্মাণের সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>ও চেয়ারম্যান<br>ঝিনাইগাতী ইউ.পি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| **৩.০৬। চেয়ারম্যান, হাতিবান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী শেরপুর** সভায় জানান, হাতীবান্দা ইউনিয়ন পরিষদ কার্যালয়ে যাওয়ার রাস্তা না থাকায় দ্রুত ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। হাতিবান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তাটি সিসি ঢালাই/ইটের সোলিং করণের প্রস্তাব করেন। ঘাগড়া প্রধানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন কাঠের ব্রীজ ভেঙ্গে যাওয়ায় নতুন ব্রীজ নির্মানের প্রস্তাব করেন।<br>এছাড়া ৬নং হাতীবান্দা ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১, ২ ও ৩ নং আলোচনার প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলী, ঝিনাইগাতী, শেরপুরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | উপজেলা প্রকৌশলী,<br>উপজেলা শিক্ষা অফিসার<br>ও চেয়ারম্যান<br>হাতিবান্দা ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| **৩.০৭। চেয়ারম্যান, মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, মালিঝিকান্দা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে অনেক পুরনো খাল ভরাট হয়ে হয়ে যাওয়ায় পানি নিস্কাশন বন্ধ হয়ে গেছে। এতে করে সাধারণ কৃষকদের ফসল ডুবে গিয়ে অনেক ক্ষতি সাধিত হয়। উক্ত খালগুলো খননের জন্য প্রস্তাব করেন। এছাড়া রাঙ্গামাটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তাটি মেরামত করার প্রস্তাব করেন।<br>৭নং মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | খাল খননের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>ও<br>চেয়ারম্যান<br>মালিঝিকান্দা ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| **৩.০৮। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা ২ (দুই) মাস পর পর আহবান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। উপজেলা পরিষদ চত্বরে অনেক পুরোনা ঝড়ে পড়া এবং মরা গাছ রয়েছে। এছাড়া অনেকগুলো পুরনো পানির ট্যাংকি এবং দরজা/জানালা রয়েছে। এগুলো নষ্ট হয়ে যাচ্ছে। তিনি বিধি মোতাবেক এগুলো নিলামের বিক্রয়ের অনুরোধ জানান। | ১। আলোচনা কলামে বর্ণিত উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা ২ (দুই) মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বর্ণিত সাগ্রীর মূল্য নির্ধারণের জন্য উপজেলা প্রকৌশলী এবং গাছের মূল্য নির্ধারণের জন্য রেঞ্জার, রাংটিয়া রেঞ্জ কে দায়িত্ব প্রদান করা হয়। মূল্য নির্ধারণসহ সুপারিশসহকারে আগামী পূর্বেই প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | মহিলা ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, ও<br>সদস্য সচিব, সংশ্লিষ্ট কর্মকর্তা<br>ঝিনাইগাতী, শেরপুর<br>এবং<br>উপজেলা প্রকৌশলী,<br>রেঞ্জার, রাংটিয়া রেঞ্জ<br>ঝিনাইগাতী, শেরপুর |
| **৩.০৯। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** জানান,<br>বিগত মাসের উপজেলা পরিষদ সভায় সর্বমোট ১২টি সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে ১০টি সিদ্ধান্ত ইতোমধ্যেই বাস্তবায়ন হয়েছে মর্মে সংশ্লিষ্ট দপ্তর প্রধান সভায় অবহিত করেন। সিদ্ধান্ত বাস্তবায়নের শতকরা হার ৮৩.৩৩%। গৃহীত সিদ্ধান্ত সমূহের শতভাগ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভায় অবিহিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়া তিনি ধারাবাহিকভাবে পরবর্তী সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অব্যাহত রাখার অনুরোধ জানান। | ক) ৮৩.৩৩% সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। পরবর্তীতে সকল সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার,<br>০২। সকল কর্মকর্তা<br>০৩। সকল ইউপি চেয়ারম্যান,<br>ঝিনাইগাতী। |
| **৩.১০। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, বিগত সময়ে অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে ঝিনাইগাতী উপজেলার অনেক রাস্তা, বক্স কালভার্ট ও ব্রীজ ভেঙ্গে গেছে। উক্ত রাস্তা, বক্স কালভার্ট ও ব্রীজগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করা হয়। উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা ২(দুই) মাস পর পর আহবান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। | আলোচনা কলামে বর্ণিত সমস্যাগুলো সমাধানের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী, ঝিনাইগাতী কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা ২ (দুই) মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)<br>উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>সদস্য সচিব<br>সংশ্লিষ্ট কর্মকর্তা<br>ঝিনাইগাতী, শেরপুর। |

পরিশেষে উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরের সকল কর্মকর্তাদের উপজেলা পরিষদ আইন, ২০০৯ এবং উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ অনুযায়ী (Charter of Duties) যথাযথভাবে পালন এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রতিটি দপ্তরের প্রজ্ঞাপন, পরিপত্র ও নির্দেশিকা অনুযায়ী যাবতীয় কমিটির সভা ও কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/০১/২০২৪

**(মোঃ মোফাজ্জল হোসেন চৌধুরী)**
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ
ও
সভাপতি, উপজেলা পরিষদ সভা
ঝিনাইগাতী, শেরপুর।

স্মারক নং-০৫.৩০.৮৯৩৭.০০২.০৫.০০২.২০১৪- ৫৪/১(২)/১(৩৫)

তারিখ ঃ ১৮-০১-২০২৪ খ্রি.।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মাননীয় সংসদ সদস্য, ১৪৫, শেরপুর-৩।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৪। জেলা প্রশাসক, শেরপুর।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর।
০৬। উপজেলা ....................................অফিসার, ঝিনাইগাতী, শেরপুর।
০৭। চেয়ারম্যান,..................................ইউনিয়ন ও সদস্য, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।
০৮। অফিস কপি।

১৮/০১/২০২৪

(মো: আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ঝিনাইগাতী, শেরপুর
ফোন : ০২৯৯-৭৭৮৩৪০১
E-mail : unojhenaigati@mopa.gov.bd

**উপজেলা পরিষদ**
ঝিনাইগাতী, শেরপুর।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

**ফেব্রুয়ারি-২০২৪ মাসে অনুষ্ঠিত ঝিনাইগাতী উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৫৮ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ **মোঃ মোফাজ্জল হোসেন চৌধুরী,** চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিনাইগাতী, শেরপুর।

সভার তারিখ ও সময় ঃ ১৯ ফেব্রুয়ারি ২০২৪, দুপুর-১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

০১। আলোচনার বিষয় ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কার্যপত্র অনুসারে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর উপজেলার বিভিন্ন দপ্তর/বিভাগ ভিত্তিক এবং জনপ্রতিনিধিবৃন্দের নিজ নিজ এলাকার সমস্যা, সম্ভাবনা ও অন্যান্য কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি আলোচনা করার জন্য সংশ্লিষ্টদের আহবান জানানো হয়। অতঃপর আলোচ্য বিষয় অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২। আলোচনার বিষয় ঃ বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **২.০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, গত ২৪ জানুয়ারি ২০২৪ তারিখে হাসপাতালে পূর্ণ মেয়াদে ১জন অবেদনবিদ (Anesthesiologist) নিয়োগপ্রাপ্ত হয়েছেন এবং হাসপাতালে অপারেশন/সিজার কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| **২.০২। উপজেলা কৃষি অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, কৃষি বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প এবং বৃহত্তর অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় উপজেলা কৃষি অফিস থেকে ২৬৪ শতাংশ জমিতে ৮ টি রঙিন ফুলকপির প্রদর্শনী স্থাপন করা হয়েছে। এই জাতের ফুলকপিতে বেশি পরিমাণে পুষ্টি উপাদান ও আয়রন থাকায় খাদ্য নিরাপত্তার পাশাপাশি পুষ্টি নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই জাতের ফুলকপির চাষ সম্প্রসারণ করা গেলে নতুন নতুন কৃষি উদ্যোক্তা তৈরি হবে যা আমাদের খরপোশের কৃষিকে বাণিজ্যিক কৃষিতে রুপান্তরের নতুন সম্ভাবনা তৈরি করবে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া রঙ্গিন ফুলকপি চাষের প্রতি কৃষকদের আগ্রহ বাড়ানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| **২.০৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, উপজেলা প্রাণিসম্পদ বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া বিভিন্ন স্থানে পশু পাখির মলমূত্র এবং উদ্বৃত্ত খাদ্য দ্বারা জলাশয় দূষনের অভিযোগ প্রসঙ্গে তিনি জানান, মনিটরিং অব্যাহত আছে। | ১। পশু পাখির খাদ্যমান নিয়ন্ত্রণে নিয়মিত বাজার মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| **২.০৪। উপজেলা মৎস্য অফিসার, ঝিনাইগাতী,শেরপুর** সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা মৎস্য কর্মকর্তা ঝিনাইগাতী, শেরপুর। |
| **২.০৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প: প: কর্মকর্তা ঝিনাইগাতী, শেরপুর। |

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>২.০৬। <u>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ঝিনাইগাতী, শেরপুর</u> সভায় জানান,<br>১) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১২ নভেম্বর ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৩-১০০৬ নং স্মারকের পত্র মোতাবেক ঝিনাইগাতী উপজেলা পরিষদের পুরাতন স্টাফ কোয়ার্টার-৩ মেরামত, কোয়ার্টার-৪ মেরামত, কোয়ার্টার-৫ মেরামত ও উপজেলা পরিষদের পুরাতন ডরমিটরি ভবন (মোট ০৪টি ভবন) মেরামত বাবদ ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থ দ্বারা বর্ষা মৌসুমের আগেই জরুরি ভিত্তিতে নিম্নরুপভাবে কাজ সম্পন্ন করার জন্য সভায় আলোচনা করেন।
<table>
<tr><th>ক্রম</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত ব্যয়</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদের পুরাতন স্টাফ কোয়ার্টার-৩ মেরামত</td><td>৭,৫০,০০০/-<br>(সাত লক্ষ পঁঞ্চাশ হাজার)</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদের পুরাতন স্টাফ কোয়ার্টার-৪ মেরামত</td><td>৭,৫০,০০০/-<br>(সাত লক্ষ পঁঞ্চাশ হাজার)</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিষদের পুরাতন স্টাফ কোয়ার্টার-৫ মেরামত</td><td>৬,০০,০০০/-<br>(ছয় লক্ষ)</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা পরিষদের ডরমিটরি ভবন মেরামত</td><td>৯,০০,০০০/-<br>(নয় লক্ষ)</td></tr>
</table></td>
<td>০১। আলোচনা কলামে বর্ণিত ০৪ (চার) টি প্রকল্পের কাজ জরুরি হওয়ায় পিপিএ ২০০৬ এবং পিপিআর, ২০০৮ এর আরএফকিউ পদ্ধতিতে বিধি মোতাবেক মেরামত কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td>
<td rowspan="4">উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী ঝিনাইগাতী,শেরপুর</td></tr>
<tr><td>২) উপজেলা পরিষদের অক্টোবর-২৩ মাসে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৫৪তম মাসিক সাধারণ সভার রাজস্ব উন্নয়ন তহবিল ও বার্ষিক উন্নয়ন কর্মসূচির গৃহীত প্রকল্পের অনুচ্ছেদ নং-২.০৬(৩)(ক)(১৯) এর "মালিঝিকান্দা খামারপাড়া আঃ আজিজ এর বাড়ী হতে আবু বকর এর বাড়ী পর্যন্ত রাস্তা এক ইটের সোলিং করণ" প্রকল্পের জমি সংক্রান্ত মামলা চলমান থাকায় বাস্তবায়ন সম্ভব নয় ও অনুচ্ছেদ নং-২.০৬(২)(ক)(৩৫) এর "ঝিনাইগাতী উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের বসার জন্য ৪৬(সাতচল্লিশ) টি কাঠের চেয়ার সরবরাহ" প্রকল্পটির কাজ বিভিন্ন মহলে সমালোচিত হওয়ায় বাতিলের প্রস্তাব করেন। গত জানুয়ারি-২৪ মাসের ৫৭তম মাসিক সাধারণ সভার ৩.০৬ নং সিদ্ধান্তের উল্লেখ করে তিনি জানান, এদুটি প্রকল্পের অর্থ (৪,০০,০০০+৩,০০,০০০)= ৭,০০,০০০ (সাত লক্ষ) টাকা দ্বারা ঘাগড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তা সলিং করা সম্ভব। চেয়ারম্যান, হাতীবান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী এই প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন।<br>প্রকল্পের নাম ঃ "ঘাগড়া প্রধানপাড়া সুইজ গেইট হতে হাতীবান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংযোগ সড়ক ইটের সলিং করণ"।<br>প্রাক্কলিত মূল্য : ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা।</td>
<td>০২। আলোচনা কলামে বর্ণিত উল্লিখিত ০২(দুই) টি প্রকল্প বাতিল করে "ঘাগড়া প্রধানপাড়া স্লুইচ গেইট হতে হাতীবান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংযোগ সড়ক ইটের সলিং করণ" প্রকল্পের কাজটি টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td></tr>
<tr><td>৩) (ক)উপজেলা পরিষদের স্টাফ কোয়ার্টার নং-৬ বসবাসের অনুপযোগী হওয়ায় দ্রুত মেরামত করা প্রয়োজন বিধায় ৯,০৩,৬১৪/ (নয় লক্ষ তিন হাজার ছয়শত চৌদ্দ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং উক্ত প্রাক্কলন মোতাবেক অর্থ বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা-২ শাখায় পত্র প্রেরণ করার জন্য সভায় আলোচনা করেন।<br>(খ) উপজেলা পরিষদের বর্তমান অফিস ভবনটি অনেক পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় মেরামতের ৩৫,০০,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং উক্ত প্রাক্কলন মোতাবেক অর্থ বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা-২ শাখায় পত্র প্রেরণ করার জন্য আলোচনা করেন।<br>(গ) উপজেলা পরিষদের আবাসিক এলাকার ভিতরে যাতায়াতের রাস্তাটি ব্যবহারের অনুপযোগী হওয়ায় দ্রুত মেরামত করার জন্য ৪৭,৬১,৬০৬/- (সাতচল্লিশ লক্ষ একষট্টি হাজার ছয়শত ছয়) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং উক্ত প্রাক্কলন মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে কাজ সম্পন্ন করার অনুমতির আদেশের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের জন্য আলোচনা করেন।</td>
<td>০৩। আলোচনা কলামে বর্ণিত (ক) ও (খ) ও (গ) নং প্রকল্পের ৯,০৩,৬১৪/ (নয় লক্ষ তিন হাজার ছয়শত চৌদ্দ) টাকা, ৩৫,০০,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ) টাকা ও ৪৭,৬১,৬০৬/- (সাতচল্লিশ লক্ষ একষট্টি হাজার ছয়শত ছয়) টাকার বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা-২ শাখায় পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td></tr>
<tr><td>৪ (ক) উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল না থাকায়, বিভিন্ন সময় উপজেলা পরিষদের ভিতরে দিন/রাতে বহিরাগত লোকের সমাগম, চুরি ও বিভিন্ন অপ্রতিকর ঘটনা ঘটার কারণে বাউন্ডারি ওয়াল করার জন্য ১,০১,৫৮,০৮৬/- (এক কোটি এক লক্ষ আটান্ন হাজার ছিয়াশি) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং উক্ত প্রাক্কলন মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে কাজ সম্পন্ন করার জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের জন্য আলোচনা করেন।</td>
<td>০৪। (ক) নং আলোচনা কলামে বর্ণিত বিষয়ে উপজেলা রাজস্ব তহবিল হতে কাজ সম্পন্ন করার অনুমোদন প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.০৭। **উপজেলা শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, উপজেলা শিক্ষা অফিসের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৮। **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়ের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইগাতী। |
| ২.০৯। **উপজেলা সমাজসেবা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, উপজেলা সমাজসেবা অফিসের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১০। **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইগাতী, |
| ২.১১। **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অতি:), ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিনাইগাতী। |
| ২.১২। **উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
